

## ভর্তি

# শাহজালাল বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা, আবেদনের সময় বাড়ল, কোটাসহ ১৬৭১ আসন

প্রতিনিধি শাহজালাল বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ২৩ জানুয়ারি ২০২৫, ১০: ৫১



সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষ প্রথম সেমিস্টারের ভর্তি পরীক্ষার আবেদনের সময় বাড়ানো হয়েছে। এখন শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন ৩১ জানুয়ারি পর্যন্ত। গতকাল বুধবার সন্ধ্যায় শাবিপ্রবির প্রথম বর্ষের ভর্তি কমিটির সদস্যসচিব মো. রফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

মো. রফিকুল ইসলাম বলেন, অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদন ও ফি জমা দেওয়ার সময় ৩১ জানুয়ারি রাত ১১টা ৫৯মিনিট পর্যন্ত বাড়ানো হয়েছে। আবেদনের অন্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে। বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তির [ওয়েবসাইটে](#) পাওয়া যাবে।

সচস্যসচিব মো. রফিকুল ইসলাম বলেন, ২২ জানুয়ারি বিকেল পর্যন্ত ৮১ হাজার শিক্ষার্থী ভর্তির পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করেছেন। এর মধ্যে ফি পরিশোধ করেছেন ৭১ হাজার শিক্ষার্থী। এখন পর্যন্ত এ ইউনিটে (বিজ্ঞান শাখা) ৪৭ হাজার এবং বি ইউনিটে (বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক) ৩৪ হাজার আবেদন জমা পড়েছে বলেও তিনি জানান।

আবেদন শুরু হয় ৫ জানুয়ারি। আবেদনের সময় ছিল ২৫ জানুয়ারি পর্যন্ত। এর মধ্যে ৬ থেকে ৯ জানুয়ারি পর্যন্ত ৭২ ঘণ্টার বেশি সময় যান্ত্রিক ত্রুটির কারণে আবেদন করতে সমস্যায় পড়েন ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা। ফলে ওই সময়ে অনেক শিক্ষার্থী আবেদন করতে পারেননি।

২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী, এবার ভর্তি পরীক্ষার আবেদন ফি এ-১ ইউনিট (বিজ্ঞান) ১ হাজার ২৫০ টাকা, এ-২ ইউনিট (বিজ্ঞান ও আর্কিটেকচার) ১ হাজার ৪০০ টাকা, বি ইউনিট (বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য) ১ হাজার ২০০ টাকা নির্ধারণ করা হয়েছে।

## আবেদনের যোগ্যতা

২০২১ অথবা ২০২২ সালে অনুষ্ঠিত মাধ্যমিক (সাধারণ ও কারিগরি), দাখিল বা সমমান এবং ২০২৩ অথবা ২০২৪ সালে অনুষ্ঠিত উচ্চমাধ্যমিক (সাধারণ ও কারিগরি), আলিম, ডিপ্লোমা ইন কমার্স বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যাঁদের ফলাফল শাবিপ্রবির বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করে, কেবল তাঁরাই ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) প্রথম বর্ষ প্রথম সেমিস্টারে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। সে হিসাবে দ্বিতীয়বার ভর্তির সুযোগ থাকছে শাবিপ্রবিতে।

এ ছাড়া ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০১৯ অথবা ২০২০ সালে অনুষ্ঠিত মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এ ইউনিটের ভর্তি পরীক্ষায় শুধু বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী এবং বি ইউনিটের পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ রয়েছে।

ভর্তি বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ২০২১ অথবা ২০২২ সালে অনুষ্ঠিত মাধ্যমিক (সাধারণ ও কারিগরি), দাখিল বা সমমান এবং ২০২৩ অথবা ২০২৪ সালে অনুষ্ঠিত উচ্চমাধ্যমিক (সাধারণ ও কারিগরি), আলিম, ডিপ্লোমা ইন কমার্স বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যাঁদের ফলাফল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করে, কেবল তাঁরাই ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) প্রথম বর্ষ প্রথম সেমিস্টারে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

এ ছাড়া ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০১৯ অথবা ২০২০ সালে অনুষ্ঠিত মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এ ইউনিটের ভর্তি পরীক্ষায় শুধু বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী এবং বি ইউনিটের পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ রয়েছে।

২৮ ফেব্রুয়ারি সকাল সাড়ে ১০টায় বি ইউনিটের (বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগ) পরীক্ষা। একই দিন বেলা ৩টায় এ ইউনিটের (বিজ্ঞান বিভাগ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

## আসন কত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কোটাসহ মোট আসন ১ হাজার ৬৭১টি। ২৮টি বিভাগে মূল আসন ১ হাজার ৫৬৬। এ বছর এ ইউনিটে (বিজ্ঞান শাখা) মোট আসন ৯৮৫টি এবং বি ইউনিটে (বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখা) মোট ৫৮১টি আসন রয়েছে। এসব আসন ছাড়াও অতিরিক্ত ১০৫টি কোটা আসন রয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। এর মধ্যে মুক্তিযোদ্ধা কোটা ২৮, ক্ষুদ্র নৃগোষ্ঠী/জাতিসত্ত্বা/হরিজন-দলিত কোটা ২৮, প্রতিবন্ধী কোটা ১৪, পোষ্য কোটা ২০, চা-শ্রমিক কোটা ৫, বিকেএসপি (খেলোয়াড়) কোটা ১০।

